

## মাধবদী ও লোহাগড়ায় ডিগ্রি পরীক্ষার কেন্দ্র বহালের দাবিতে বিক্ষোভ মিছিল

মাধবদী থেকে নিজস্ব সংবাদদাতা : মাধবদীতে ডিগ্রি পরীক্ষা কেন্দ্র বহাল রাখার দাবিতে ২৮শে ডিসেম্বর মাধবদী কলেজে বিক্ষোভ মিছিলের খবর পাওয়া গেছে। এখনও এ নিয়ে কলেজে চাপা উত্তেজনা বিরাজ করছে।

জানা গেছে, দীর্ঘ কয়েক বছর ধরে অত্যন্ত সুনামের সঙ্গে মাধবদীতে এইচএসসি ও ডিগ্রি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে; কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয়ের নতুন নীতিমালা অনুযায়ী কোন ছাত্র নিজস্ব কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না।

এ খবরে মাধবদী কলেজের ছাত্রছাত্রীদের নরসিংদী সরকারি কলেজ কেন্দ্রে পরীক্ষার ব্যবস্থা করা হয়; কিন্তু মাধবদী কলেজ কেন্দ্রে অন্য কোন কলেজের ছাত্রদের স্থানান্তর করা হয়নি। ফলে মাধবদী কলেজের ছাত্র ও অভিভাবকরা প্রশ্ন তুলেছেন, এই কলেজের ছাত্ররা যদি ১৫ কিলোমিটার দূরে গিয়ে পরীক্ষা দিতে পারে তাহলে অন্য কলেজের ছাত্রদের জন্য কেন তা প্রযোজ্য হবে না।

লোহাগড়া (মুন্সিগঞ্জ) থেকে সংবাদদাতা : লোহাগড়া আদর্শ মহাবিদ্যালয়ের ডিগ্রি পরীক্ষা কেন্দ্র দীর্ঘ ১৭ বছর পর বাতিল করে জেলা শহরে স্থানান্তরিত করার প্রতিবাদে রোববার দুপুর ১২টায় কলেজের পরীক্ষার্থী ও শতাধিক ছাত্রছাত্রী বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি কলেজ চত্বর থেকে শুরু হয়ে

লোহাগড়া ও লক্ষীপাশার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণশেষে উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিস ঘেরাও করে। জানা গেছে, রোববার সকালে স্থানীয় প্রশাসন সরকারের উচ্চ কর্তৃপক্ষের নির্দেশে কলেজ অধ্যক্ষের কাছে রক্ষিত ডিগ্রি পরীক্ষার খাতাপত্রসহ যাবতীয় উপকরণ সংগ্রহ করে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করেছে। ডিগ্রি পরীক্ষা শুরু দু'দিন আগে সরকারের এহেন সিদ্ধান্তে লোহাগড়ার অভিভাবক মহলে 'কোভ ও' অসন্তোষের সৃষ্টি হয়েছে।